ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
THAKURGAON PALLI BIDYUT SAMITY
ISO 9001:2015 Certified
সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail:thkpbs@gmail.com
Website:pbs.thakurgaon.gov.bd
Facebook page:facebook.com/thkpbs

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০৭.০২১.২৬ ৪৫৩৬

তারিখঃ ০৭ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুন, ২০২৬ খ্রিঃ

**বিষয়ঃ ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য মিনি ঠিকাদার হিসাবে বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের পুর্বযোগ্যতা নবায়নের বিজ্ঞপ্তি।**

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি-এর অধীনে ২০২৬-২৭ অর্থ বৎসরের ১০০-৪১/৪২ এর আওতায় স্বল্প দৈর্ঘ্য বৈদ্যুতিক লাইন নির্মাণ/স্থানান্তর কাজের পূর্বযোগ্যতা নবায়নের জন্য অত্র পবিসের তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে বাপবিবোর্ডের নির্ধারিত ফরমে (পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী বাপবিবো ফরম নং-১০০-৫২-০২ ভার্সন -১) দরখাস্ত আহবান করা যাইতেছে।

শর্তাবলীঃ

০১॥ প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে দরখাস্তের মাধ্যমে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির ক্যাশ শাখায় নবায়ন ফি বাবদ নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরত যোগ্য) জমা প্রদান সাপেক্ষ্যে আগামী ০৫/০৭/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পবিসের সদর দপ্তর ক্যাশ শাখা হতে নির্ধারিত নবায়ন ফরম সংগ্রহ করিতে হইবে। উল্লেখ্য যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২৫-২৬ অর্থ বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪,০০০.০০ (চার হাজার) টাকা এবং ২০২৪-২৫ অর্থ বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৮,০০০.০০ (আট হাজার) টাকা (অফেরৎ যোগ্য) নগদ জমা প্রদান করতে হইবে।

০২॥ বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের হালনাগাদ ঠিকাদারী লাইসেন্স (ক,খ ও গ শ্রেণীর), সুপারভাইজারী সার্টিফিকেট (ক,খ ও গ শ্রেণীর), ট্রেড লাইসেন্স, কমপক্ষে ১০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, ব্যবহৃত যন্ত্রপাতি-এর বিবরণ, লোকবলের তালিকা (অত্র পবিসে লাইন নির্মাণ কাজে নিয়োজিত বাপবিবোর্ডের প্রশিক্ষণপ্রাপ্ত সুপারভাইজার, লাইনম্যানসহ অন্যান্য লোকবল), যানবাহনের তালিকা (হালনাগাদ ট্যাক্স-টোকেন ও রেজিস্ট্রেশনের কপি সংযুক্ত করিতে হইবে), মালিকানার দলিলাদি, হালনাগাদ আয়কর সনদ এবং ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ এর সত্যায়িত ফটোকপি ১ সেট আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে। মুল কপি আবেদন পত্র যাচাই ও বাছাই এর দিন সঙ্গে আনিতে হইবে। ইহা ছাড়াও আবেদন ফি জমার রশিদের মূলকপি আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

০৩॥ কোন ঠিকাদারী প্রতিষ্ঠান পরপর তিন বছর নবায়নের জন্য আবেদন না করিয়া থাকিলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা/তালিকাভুক্তি বাতিল বলিয়া গন্য হইবে;

০৪॥ নবায়ন আবেদন পত্রের সাথে পূর্বের অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠান যে সকল দরপত্রে অংশ গ্রহণ করেছে (পবিসওয়্যারী) তার তালিকা উল্লেখ/সংযুক্ত করতে হইবে। অন্যথায় নবায়নের জন্য বিবেচনা করা হইবে না;

০৫॥ আপনার প্রতিষ্ঠান কয়টি পবিসে সাময়িক/স্থায়ী তালিকাভুক্ত আছে তাহার প্রমাণক আবেদন পত্রের সহিত দাখিল করিতে হইবে;

০৬॥ আবেদন পত্র আগামী ১৬/০৭/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্র পবিস সদর দপ্তরের প্রশাসন বিভাগের রিসিভিং শাখায় জমা প্রদান করিতে হইবে;

০৭॥ নির্ধারিত তারিখের পর আবেদন পত্র বিক্রয়/গ্রহণ করা হইবে না;

০৮॥ বৈদুতিক লাইন নির্মাণ কাজে তালিকাভুক্তি নবায়নের জন্য বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার, লাইনম্যান এর মূল সনদ এবং লাইন টুলস ও ব্যক্তিগত টুলস সহ আগামী ২০/০৭/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় উপস্থিত থাকিতে হইবে;

০৯॥ অত্র পবিসে নিযুক্ত বাপবিবো প্রশিক্ষণপ্রাপ্ত সুপারভাইজার, লাইনম্যান অন্য কোন পবিসে কর্মরত নাই মর্মে অঙ্গিকার থাকিতে হইবে;

চলমান পাতা-২

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
THAKURGAON PALLI BIDYUT SAMITY
ISO 9001:2015 Certified
সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail:thkpbs@gmail.com
Website:pbs.thakurgaon.gov.bd
Facebook page:facebook.com/thkpbs



১০॥ অসম্পূর্ণ আবেদন পত্র গ্রহণযোগ্য হইবে না।

১১॥ অবশ্যই সত্ত্বাধিকারীর সচল মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেস উল্লেখ করিতে হইবে।

১২॥ অত্র পবিসে স্থায়ী/সাময়িক তালিকাভুক্তির প্রমাণক সংযুক্ত করিতে হইবে।

১৩॥ কোন ঠিকাদারী প্রতিষ্ঠান (০৪) চারটির অধিক পবিসে তালিকাভুক্ত নাই এই বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ঘোষনাপত্র প্রদান করিতে হইবে। পরবর্তিতে (০৪) চারটির অধিক পবিসে সাময়িক/ স্থায়ী তালিকাভুক্ত এর প্রমাণ পাওয়া গেলে নবায়ন বাতিল করা হইবে।

১৪॥ পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী নবায়নের মুল্যায়নসহ যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হইবে।

১৫॥ কোন প্রকার কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন/সকল আবেদন বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত;

"অত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন পরিস্থিতির সৃষ্টি হইলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।"

২১.০৬.২৬.

(প্রকৌঃ মোঃ লুৎফুল হাসান সরকার)
জেনারেল ম্যানেজার(অঃদাঃ)

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

০১॥ প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো, ঢাকা।
০২॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
০৩॥ নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, দিনাজপুর।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..............পবিস-১/২/৩/৪।
০৫॥ ডিজিএম, কারিগরী/পঞ্চগড়/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীসংকৈল/দেবীগঞ্জ/রুহিয়া, জোনাল অফিস, ঠাপবিস।
০৬॥ এজিএম(অর্থ-হিসাব/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য-সেবা), ঠাপবিস।
০৭॥ এজিএম(আইটি), ঠাপবিস। ←→ পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য
০৮॥ মেসার্স ------------------------------------------------।
০৯॥ নোটিশ বোর্ড, ঠাপবিস।

২১.০৬.২৬.

(প্রকৌঃ মোঃ লুৎফুল হাসান সরকার)
ডিজিএম (সদর- কারিগরি)